**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Ker Puja**:

রাজ্যের ঐতিহ্যবাহী তিন দিন ব্যপি কের  পুজা আজ ভোরে প্রথাগত তোপধ্বনির মধ্যে দিয়ে শেষ হয়েছে।  গত শুক্রবার  রাতে কের পূজা শুরু হয়। আগরতলার নতুন হাবেলি অর্থাৎ উজ্জয়ন্ত প্রাসাদ চত্বর ও পুরান হাবেলি অর্থাৎ পুরান আগরতলার  চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গনে নির্দিষ্ট গন্ডির মধ্যে এই পূজার আয়োজন করা হয়।  ত্রিপুরার রাজ পরিবারের এই পূজায় রাজ্যের সুখ সমৃদ্ধি কামনা করা হয়।  মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা,  সাংসদ রাজীব ভট্টাচার্য, অর্থমন্ত্রী প্রণজিৎ  সিংহরায় গতকাল উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে আয়োজিত কের পূজা দর্শণ করেন ও রাজ্যবাসীর মঙ্গল কামনায় প্রার্থনা করেন।।

********************

**Biplab kumar Deb** :

কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি চুড়াইবাড়ি থেকে আগরতলা পর্যন্ত রাস্তা সংস্কারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। গতকাল প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেবের চিঠির জবাবে তিনি এই আশ্বাস দিয়েছেন। শ্রী দেব গত ৩০ জুন কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করির কাছে চিঠি দিয়ে চুরাইবাড়ী থেকে আগরতলা পর্যন্ত সড়ক সংস্কারের জন্য দাবি জানিয়েছিলেন  তিনি শান্তিরবাজার বাজার এলাকায় ড্রেনেজ ব্যবস্থা নির্মাণেরও অনুরোধ করেছিলেন।

********************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, আগামী আগস্ট মাস থেকে রাজ্যে ছয়টি নবনির্মিত একলব্য মডেল রেসিডেনশিয়াল বিদ্যালয়ের পঠন পাঠন শুরু হবে| গতকাল গন্ডাতুইসার উল্টাছড়ায় একটি একলব্য বিদ্যালয় পরিদর্শনে গিয়ে তিনি একথা জানান। তিনি বলেন একলব্য বিদ্যালয়গুলি শুধুমাত্র পাঠ্যবই নির্ভর শিক্ষা নয়, বরং জনজাতি ছাত্রছাত্রীদের মানসিকতা, চিন্তাধারা ও সমাজের প্রতি দায়িত্ববোধ গঠনে এক বিরাট ভূমিকা পালন করে|

*************************

**China condemns Pahalgam Attack :**

চীন পহেলগাম সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়েছে এবং আঞ্চলিক নিরাপত্তা রক্ষায় সন্ত্রাসবাদ বিরোধী সহযোগিতা বাড়ানোর জন্য এই অঞ্চলের দেশগুলিকে আহ্বান জানিয়েছে। পহেলগাম সন্ত্রাসী হামলায় জড়িত থাকার জন্য পাকিস্তান-ভিত্তিক লস্কর-ই-তৈয়বার ছায়া সংগঠন দ্য রেজিস্ট্যান্স ফ্রন্টকে মার্কিন যুক্তরাষ্ট্র বিদেশী সন্ত্রাসী সংগঠন বলে চিহ্নিত করার প্রতিক্রিয়ায়, চীনা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র লিন জিয়ান বলেছেন, তাদের দেশ সকল ধরণের সন্ত্রাসবাদের বিরোধিতা করে।

**************************

**Ashwini Vaishnaw :**

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন বিকশিত ভারতের লক্ষ্য অর্জনের জন্য প্রযুক্তিগত ভিত্তি দ্রুত প্রস্তুত করা হচ্ছে। গতকাল আইআইটি-হায়দ্রাবাদে এক সমাবর্তন অনুষ্ঠানে ভারতের প্রযুক্তি-চালিত ভবিষ্যতের কথা তুলে ধরে তিনি শিক্ষার্থীদের বিশ্বমানের প্রযুক্তি এবং পণ্য ডিজাইন করার আহ্বান জানান।

শ্রী বৈষ্ণো এ বছর ভারতের প্রথম দেশীয় সেমিকন্ডাক্টর চিপ চালু করার ঘোষণা দেন। তিনি জানান, এর মধ্যে ছয়টি সেমিকন্ডাক্টর প্ল্যান্ট নির্মাণাধীন, যা ভারতকে বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় জায়গায় নিয়ে যাবে।

*********************

**Yuva Spiritual Summit :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন পূরনের লক্ষ্যে যুবসমাজকে মাদক মুক্ত করার আহ্বান জানিয়েছেন| উত্তর প্রদেশের বারাণসীতে গতকাল কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক আয়োজিত 'উন্নত ভারতের জন্য মাদকমুক্ত যুব' শীর্ষক 'যুব আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনে' উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্বান জানান| তিনি বলেন, ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশে রূপান্তরিত করতে যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, কারণ দেশের মোট জনসংখ্যার ৬৫ শতাংশই ৩৫ বছরের কম বয়সী।

**********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৪তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ শোনা যাবে।

********************

## Ek Ped Ma ke Naam :

সাংসদ রাজীব ভট্টাচার্য এক পেড় মা কে নাম কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল খয়েরপুর-আমতলী বাইপাস এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ। সাংসদ শ্রী ভট্টাচার্য বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের বৃক্ষরোপণে অনুপ্রাণিত করার জন্য এই কর্মসূচির সূচনা করেছেন| যার লক্ষ্য পরিবেশগত ভারসাম্য বজায় রেখে মায়ের প্রতি কৃতজ্ঞতার বন্ধনকে আরও দৃঢ় করা।

**********************

## Rakhal Shield:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ফরোয়ার্ড ক্লাব খেলবে ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে। আগামী ২২ জুলাই ফাইনাল ম্যাচটি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত আসরের দ্বিতীয় সেমিফাইনালে ব্লাডমাউথ ক্লাব ৩-১ গোলে কল্যাণ সমিতিকে হারিয়ে দেয়।

*****************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস।

******************